দৈনিক বাংলা

তারিখ ... 27 JUL 1995 ..
পৃষ্ঠা ৪ কলাম ৬

23

# এসএসসি পরীক্ষা নতুন পদ্ধতি বাতিল হচ্ছে না

মিডিয়া সিন্ডিকেট ঃ এসএসসি পরীক্ষার নতুন পদ্ধতি বাতিল এবং পুরাতন প্রশ্ন ব্যাংক পদ্ধতি বহাল রাখার দাবিতে বেশ কিছুদিন ধরে রাজধানী ঢাকাসহ দেশের অন্যান্য অঞ্চলে এক শ্রেণীর উচ্ছৃংখল ক্ষুব্ধ ছাত্র-ছাত্রীরা বিক্ষোভ মিছিল, সড়ক অবরোধ, ভাঙচুর ও সমাবেশ করে আসছে। এমনকি শিক্ষকদের লাঞ্ছিত ও নিরীহ ছাত্রদের মারধর পর্যন্ত করছে।

এ প্রসঙ্গে ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ময়েজ উদ্দিন আহমেদ বলেন, এসএসসি পরীক্ষার পুরাতন ৫০০ প্রশ্ন ব্যাংকে পদ্ধতি পুনরায় কার্যকরী করার সম্ভাবনা নেই

(৪-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## এসএসসি পরীক্ষা

(প্রথম পৃষ্ঠার পর)

বললেই চলে। তিনি বলেন, ছাত্ররা যতই আন্দোলন করুক না কেন নৈর্ব্যক্তিক ব্যাংক পদ্ধতি থাকবে না। এছাড়া রচনামূলক ও নৈর্ব্যক্তিক পরীক্ষায় পৃথক-পৃথকভাবে পাস করতে হবে। তিনি বলেন, এ ঘোষণা ১৯৯৩ সালে দেয়া হয়েছিল।